(একই তারিখ ও স্মারকে স্থলাভিষিক্ত হবে)

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**মন্ত্রিপরিষদ বিভাগ**
**মাঠ প্রশাসন সমন্বয় অধিশাখা**
www.cabinet.gov.bd

স্মারক নম্বর-০৪.০০০০.৫১৪.০৩৫.০০.০০.০১০.১৬-৩৯৬

তারিখ: ০৫ ভাদ্র ১৪২৫ / ২০ আগস্ট ২০১৮

**বিষয় : বিসিএস (প্রশাসন) ক্যাডারের ৩৬-তম ব্যাচের শিক্ষানবিশ সহকারী কমিশনারগণের জন্য Orientation Training প্রোগ্রাম আয়োজন সংক্রান্ত।**

সূত্র: জনপ্রশাসন মন্ত্রণালয়ের স্মারক নম্বর: ০৫.০০.০০০০.১৩৭.০০.০৩২.১৮-২৫৯ তারিখ: ৮ আগস্ট ২০১৮।

উপর্যুক্ত বিষয়ে সূত্রে উল্লিখিত স্মারকে বিসিএস (প্রশাসন) ক্যাডারের ৩৬-তম ব্যাচের নবনিয়োগপ্রাপ্ত ২৭৭ জন শিক্ষানবিশ সহকারী কমিশনারকে বিভিন্ন বিভাগে পদায়ন করা হয়। শিক্ষানবিশ সহকারী কমিশনারগণের জন্য মন্ত্রিপরিষদ বিভাগ প্রণীত **সংশোধিত** মডিউল অনুযায়ী (সংযুক্ত) **০৩-০৫ সেপ্টেম্বর তিনদিন এর** পরিবর্তে আগামী **০৩-০৭ সেপ্টেম্বর ২০১৮** মেয়াদে **পাঁচদিনব্যাপী** একটি ওরিয়েন্টেশন ট্রেনিং কর্মসূচি সকল বিভাগীয় কমিশনারের কার্যালয়ে আয়োজন করতে হবে।

২। উক্ত ওরিয়েন্টেশন ট্রেনিং কর্মসূচিতে প্রধান অতিথি হিসাবে অংশগ্রহণে সদয় সম্মতি প্রদানকারী কর্মকর্তাগণের তালিকা এইসঙ্গে সংযুক্ত করা হলো। উল্লেখ্য, সংশ্লিষ্ট প্রধান অতিথির সঙ্গে যোগাযোগ করে তারিখ ও সময় নির্ধারণ করতে হবে।

৩। "Civil Service in 21st Century" বিষয়ে প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয় এবং "এসডিজি ও মাঠ প্রশাসন" বিষয়ে মুখ্য সমন্বয়ক (এসডিজি বিষয়ক) মহোদয়দ্বয় ভিডিও কনফারেন্সের মাধ্যমে একযোগে সকল বিভাগের সঙ্গে সংযুক্ত হবেন ও বক্তব্য রাখবেন।

৪। এমতাবস্থায়, উপর্যুক্ত বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণ এবং গৃহীত কার্যক্রম সম্পর্কে মন্ত্রিপরিষদ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**সংযুক্ত:** বর্ণনামতে আট পৃষ্ঠা।

(মোঃ ছাইফুল ইসলাম)
উপসচিব
ফোনঃ ৯৫৫১১০৭

বিভাগীয় কমিশনার
ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।

**অনুলিপি প্রেরণ করা হল:**

১. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব/মুখ্য সমন্বয়ক (এসডিজি বিষয়ক), প্রধানমন্ত্রীর কার্যালয়।
২. সিনিয়র সচিব, সেতু বিভাগ।
৩. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ/সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ/বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ/রেলপথ মন্ত্রণালয়/জনপ্রশাসন মন্ত্রণালয়/শিল্প মন্ত্রণালয়।
৪. মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।

**বিসিএস (প্রশাসন) ক্যাডারের ৩৬-তম ব্যাচের শিক্ষানবিশ সহকারী কমিশনারগণের জন্য Orientation Training-এ বিভাগভিত্তিক কার্যক্রমে দিক্-নির্দেশনা প্রদানকারী প্রধান**

**<u>অতিথিগণের তালিকা</u>**

| ক্রম | বিভাগ | প্রধান অতিথির নাম ও পদবি | তারিখ ও সময় |
|---|---|---|---|
| ১. | ঢাকা | জনাব মোহাম্মদ শফিউল আলম<br>মন্ত্রিপরিষদ সচিব | |
| ২. | ঢাকা | জনাব মোঃ নজিবুর রহমান<br>প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয় | |
| ৩. | ময়মনসিংহ | খন্দকার আনোয়ারুল ইসলাম<br>সিনিয়র সচিব, সেতু বিভাগ | |
| ৪. | রাজশাহী | জনাব মোঃ সোহরাব হোসাইন<br>সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ | |
| ৫. | রংপুর | জনাব এন এম জিয়াউল আলম<br>সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ | প্রধান অতিথির সঙ্গে যোগাযোগ করে তারিখ ও সময় নির্ধারণ করতে হবে। |
| ৬. | খুলনা | জনাব মোঃ মফিজুল ইসলাম<br>সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ | |
| ৭. | বরিশাল | জনাব মোঃ মোফাজ্জেল হোসেন<br>সচিব, রেলপথ মন্ত্রণালয় | |
| ৮. | চট্টগ্রাম | জনাব ফয়েজ আহম্মদ<br>সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় | |
| ৯. | সিলেট | জনাব মোঃ আবদুল হালিম<br>সচিব, শিল্প মন্ত্রণালয় | |

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## মন্ত্রিপরিষদ বিভাগ

### মাঠ প্রশাসন সমন্বয় অধিশাখা

# ৩৬-তম বিসিএস (প্রশাসন) ক্যাডারের শিক্ষানবিশ সহকারী কমিশনারদের জন্য ওরিয়েনটেশন প্রশিক্ষণ

৩৬-তম বিসিএস (প্রশাসন) ক্যাডারের শিক্ষানবিশ সহকারী কমিশনারগণের জন্য
বিভাগীয় কমিশনারের তত্ত্বাবধানে ওরিয়েনটেশন প্রশিক্ষণ-এর ব্যবস্থাপনা।

**প্রশিক্ষণের উদ্দেশ্য:**

- চাকরি জীবনের শুরুতে নবীন কর্মকর্তাদেরকে কর্মজীবন এবং সিভিল সার্ভিসের জীবনাচার, দৃষ্টিভঙ্গি, দায়িত্ব এবং কর্তব্য সম্পর্কে প্রাথমিক ধারণা প্রদান;
- ঐতিহ্যবাহী প্রশাসন পরিবারের নবাগত সদস্যদেরকে সেবাপরায়ণ, দক্ষ, কর্মনিষ্ঠ, দায়িত্বশীল এবং দেশপ্রেমিক কর্মকর্তা হিসেবে গড়ে তোলার জন্য অনুপ্রেরণা প্রদান;
- কর্মজীবনের শুরুতেই ওরিয়েন্টেশন ট্রেনিং-এর মাধ্যমে নবীন কর্মকর্তাদের মধ্যে আত্মবিশ্বাস ও ইতিবাচক দৃষ্টিভঙ্গী সৃষ্টি, নেতৃত্বের গুণাবলির বিকাশ, নৈতিকতার প্রতিজ্ঞা দৃঢ়করণ এবং দেশপ্রেমে উদ্বুদ্ধকরণ; এবং
- শিক্ষানবিশ কর্মকর্তাদের মধ্যে পেশাগত দক্ষতা অর্জন এবং মানবিক গুণাবলি বিকাশের জন্য প্রাথমিকভাবে উদ্বুদ্ধকরণমূলক প্রশিক্ষণ প্রদান।

**প্রশিক্ষণ-পদ্ধতি এবং প্রশিক্ষণ-ব্যবস্থাপনা:**

- ✓ উদ্বোধনী অধিবেশনটি আনুষ্ঠানিক এবং যথাযোগ্য মর্যাদায় অনুষ্ঠিত হতে হবে;
- ✓ প্রশিক্ষণের বিষয়গুলির ওপর আনুষ্ঠানিকভাবে সেশনের আয়োজন এবং অগ্রজ কর্মকর্তাগণের সঙ্গে মিথস্ক্রিয়ার (interaction) মাধ্যমে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করা যেতে পারে;
- ✓ প্রশিক্ষণ কার্যক্রমটি অত্যন্ত গুরুত্বের সঙ্গে এবং কার্যকরভাবে পরিচালনা করতে হবে;
- ✓ বিভাগীয় কমিশনার কর্তৃক নির্ধারিত স্থানে এ প্রশিক্ষণের আয়োজন করতে হবে। মাঠ প্রশাসনের অভিজ্ঞ কর্মকর্তা, বিভাগাধীন প্রশিক্ষণ প্রতিষ্ঠানের উপযুক্ত প্রশিক্ষক এবং অনুসরণীয় ব্যক্তিবর্গ এই কার্যক্রমে Resource Person হিসেবে দায়িত্ব পালন করতে পারেন; এবং
- ✓ প্রশিক্ষণ শেষে এ কার্যক্রমের ওপর একটি প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে।

## ৩৬-তম শিক্ষানবিশ সহকারী কমিশনারগণের জন্য ওরিয়েনটেশন প্রশিক্ষণ-এর রূপরেখা।

### তারিখ: ০৩-০৭ সেপ্টেম্বর ২০১৮

### প্রথম দিবস (কর্মকর্তাগণের যোগদানের দিন)

### তারিখ: ০৩.০৯.২০১৮

| অধিবেশন | সময় | প্রশিক্ষণের বিষয় |
|---|---|---|
| | ০৯:০০-০৯:২৯ | রেজিস্ট্রেশন |
| প্রথম অধিবেশন | ০৯:৩০-১০:৩০ | **উদ্বোধনী অধিবেশন:**<br>(ক) স্বাগত বক্তব্য;<br>(খ) পরিচিতি পর্ব; এবং<br>(গ) দিক-নির্দেশনামূলক বক্তব্য। |
| দ্বিতীয় অধিবেশন | ১০:৩৫-১১:৩৫ | (ক) বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসক পদের ঐতিহ্য, গুরুত্ব ও কার্যাবলি (Charter of Duties);<br>(খ) জেলা প্রশাসনের সদস্য হিসেবে নবাগত কর্মকর্তাদের অবস্থান ও ভূমিকা; এবং<br>(গ) জেলা প্রশাসনের নিকট জনগণের প্রত্যাশা |
| তৃতীয় অধিবেশন | ১১:৪০-১২:৩৯ | (ক) মাঠ প্রশাসন সম্পর্কে প্রাথমিক ধারণা;<br>(খ) বিভাগীয় পর্যায়ের বিভিন্ন সরকারি ও বেসরকারি দপ্তর, জেলা ও উপজেলা প্রশাসন সম্পর্কে প্রাথমিক ধারণা; এবং<br>(গ) বিভাগ ও জেলার দপ্তরসমূহের আন্তঃসম্পর্ক ও সমন্বয় সাধন সংক্রান্ত বিষয়াদি। |
| ১২:৪০-১৩:৫৯ | | মধ্যাহ্ন বিরতি |
| চতুর্থ অধিবেশন | ১৪:০০-১৫:০০ | (ক) সিভিল সার্ভিস ও প্রশাসন ক্যাডারের ইতিহাস: বাংলাদেশ প্রেক্ষিত;<br>(খ) সিভিল সার্ভিস: আন্তর্জাতিক প্রেক্ষিত; এবং<br>(গ) বাংলাদেশে উন্নয়ন প্রশাসনের সম্ভাবনা। |
| পঞ্চম অধিবেশন | ১৫:০৫-১৬:০৫ | (ক) শিষ্টাচার, প্রটোকল এবং জনসাধারণ ও জনপ্রতিনিধিগণের সঙ্গে আচরণ; এবং<br>(খ) জেলা ব্র্যান্ডিং। |
| ষষ্ঠ অধিবেশন | ১৬:০৬-১৭:০০ | **রিক্যাপ (সংক্ষিপ্তবৃত্তি)**<br>(বিভাগীয় কমিশনার/ অতিরিক্ত বিভাগীয় কমিশনার) |

<u>দ্বিতীয় দিবস</u>

**তারিখ: ০৪.০৯.২০১৮**

| অধিবেশন | সময় | প্রশিক্ষণের বিষয় |
|---|---|---|
| প্রথম অধিবেশন | ০৯:৩০-১০:৩০ | (ক) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান;<br>(খ) রাষ্ট্রের বিভিন্ন অঙ্গ ও পারস্পরিক সম্পর্ক; এবং<br>(গ) রাষ্ট্র ও সরকারের আন্তঃসম্পর্ক। |
| দ্বিতীয় অধিবেশন | ১০:৩৫-১১:৩৫ | (ক) ই-সেবা;<br>(খ) জেলা তথ্য বাতায়ন;<br>(গ) ইউনিয়ন/পৌর ডিজিটাল সেন্টার;<br>(ঘ) ভিডিও কনফারেন্সিং;<br>(ঙ) ফ্রন্ট ডেস্ক ও গণশুনানি সম্পর্কে প্রাথমিক ধারণা। |
| তৃতীয় অধিবেশন | ১১:৪০-১২:৩৯ | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি |
| ১২:৪০-১৩:৫৯ | | মধ্যাহ্ন বিরতি |
| চতুর্থ অধিবেশন | ১৪:০০-১৫:০০ | (ক) সরকারি কর্মচারীর দায়িত্ব ও নৈতিকতা;<br>(খ) সরকারি কর্মচারী আচরণ বিধিমালা, ১৯৭৯; এবং<br>(গ) নির্ধারিত ছুটি বিধিমালা, ১৯৫৯। |
| পঞ্চম অধিবেশন | ১৫:০৫-১৬:০৫ | (ক) সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮; এবং<br>(খ) সরকারি কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ, ১৯৭৯। |
| ষষ্ঠ অধিবেশন | ১৬:০৬-১৭:০০ | **রিক্যাপ (সংক্ষিপ্তবৃত্তি)**<br>(বিভাগীয় কমিশনার/ অতিরিক্ত বিভাগীয় কমিশনার) |

৬

## তৃতীয় দিবস

**তারিখ: ০৫.০৯.২০১৮**

| অধিবেশন | সময় | প্রশিক্ষণের বিষয় |
|---|---|---|
| প্রথম অধিবেশন | ০৯:৩০-১০:৩০ | মোবাইল কোর্ট আইন, ২০০৯ এবং মোবাইল কোর্ট পরিচালনা-পদ্ধতি |
| দ্বিতীয় অধিবেশন | ১০:৩৫-১১:৩৫ | ফৌজদারি কার্যবিধি, দণ্ডবিধি এবং সাক্ষ্য আইনের সংশ্লিষ্ট বিধান অনুযায়ী এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটের দায়িত্ব। |
| তৃতীয় অধিবেশন | ১১:৪০-১২:৩৯ | (ক) The Public Examination (Offences) Act, 1980 এবং পাবলিক পরীক্ষা পরিচালনায় এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটের দায়িত্ব;<br>(খ) Representation of the People Order, 1972 |
| ১২:৪০-১৩:৫৯ | | মধ্যাহ্ন বিরতি |
| চতুর্থ অধিবেশন | ১৪:০০-১৪:৫৯ | (ক) Rules of Business, 1996<br>(খ) সরকার কাঠামো এবং সরকার পরিচালনা পদ্ধতি; এবং<br>(গ) নোট ও পত্র লিখন পদ্ধতি, পত্রের ধরন। |
| পঞ্চম অধিবেশন | ১৫:০০-১৬:০০ | "Civil Service in 21st Century" বিষয়ে **প্রধানমন্ত্রীর মুখ্য সচিব,** প্রধানমন্ত্রীর কার্যালয় মহোদয় **ভিডিও কনফারেন্সের মাধ্যমে** একযোগে সকল বিভাগের সঙ্গে সংযুক্ত হবেন ও বক্তব্য রাখবেন। |
| ষষ্ঠ অধিবেশন | ১৬:০০-১৭:০০ | "এসডিজি ও মাঠ প্রশাসন" বিষয়ে **মুখ্য সমন্বয়ক (এসডিজি বিষয়ক)** মহোদয় **ভিডিও কনফারেন্সের মাধ্যমে** একযোগে সকল বিভাগের সঙ্গে সংযুক্ত হবেন ও বক্তব্য রাখবেন। |
| সপ্তম অধিবেশন | ১৭:০৫-১৮:০০ | (ক) মাঠ প্রশাসনে উদ্ভূত সমস্যা এবং সমাধানের কৌশলাদি;<br>(খ) জেলার উন্নয়ন কর্মকাণ্ডের সমন্বয় সাধন এবং উন্নয়ন-প্রকল্প সম্পর্কে প্রাথমিক ধারণা; এবং<br>(গ) দুর্যোগ ব্যবস্থাপনা। |

<u>চতুর্থ দিবস</u>

**তারিখ: ০৬.০৯.২০১৮**

| **অধিবেশন** | **সময়** | **প্রশিক্ষণের বিষয়** |
|---|---|---|
| **প্রথম অধিবেশন** | ০৯:৩০-১০:৩০ | (ক) জাতীয় শুদ্ধাচার কৌশল সম্পর্কিত বিষয়াদি; এবং<br>(খ) তথ্য অধিকার আইন, ২০০৯। |
| **দ্বিতীয় অধিবেশন** | ১০:৩৫-১১:৩৫ | (ক) সেবা প্রদানে বিভিন্ন উদ্ভাবনী কার্যক্রম সম্পর্কিত বিষয়াদি; এবং<br>(খ) অভিযোগ প্রতিকার সংক্রান্ত নির্দেশিকা-২০১৫। |
| **তৃতীয় অধিবেশন** | ১১:৪০-১২:৩৯ | (ক) সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার সংক্রান্ত নির্দেশনা;<br>(খ) Civil Registration and Vital Statistics; এবং<br>(গ) জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশলপত্র (National Social Security Strategy) |
| ১২:৪০-১৩:৫৯ | | মধ্যাহ্ন বিরতি |
| **চতুর্থ অধিবেশন** | ১৪:০০-১৫:০০ | (ক) সরকারের দর্শন, SDG, সপ্তম পঞ্চবার্ষিকী পরিকল্পনা, প্রেক্ষিত পরিকল্পনা; এবং<br>(খ) রূপকল্প (ভিশন-২০২১ এবং ২০৪১)। |
| **পঞ্চম অধিবেশন** | ১৫:০৫-১৬:০৫ | (ক) সরকারের উন্নয়ন কর্মকান্ড সম্পর্কে প্রাথমিক ধারণা প্রদান;<br>(খ) রূপকল্প ২০২১ বাস্তবায়নে ICT-এর ব্যবহার; এবং<br>(গ) মাননীয় প্রধানমন্ত্রীর ১০টি বিশেষ উদ্যোগ। |
| **ষষ্ঠ অধিবেশন** | ১৬:০৬-১৭:০০ | **রিক্যাপ (সংক্ষিপ্তবৃত্তি)**<br>(বিভাগীয় কমিশনার/ অতিরিক্ত বিভাগীয় কমিশনার) |

## পঞ্চম দিবস
### তারিখ: ০৭.০৯.২০১৮

| অধিবেশন | সময় | প্রশিক্ষণের বিষয় |
|---|---|---|
| প্রথম অধিবেশন | ০৯:৩০-১০:৩০ | (ক) ভূমি রাজস্ব ব্যবস্থাপনা: ঐতিহাসিক প্রেক্ষিত ও বর্তমান কার্যক্রম;<br>(খ) কালেক্টর হিসেবে জেলা প্রশাসকের দায়িত্ব ও ভূমিকা; এবং<br>(গ) ভূমি ব্যবস্থাপনা সংক্রান্ত সংশ্লিষ্ট আইন। |
| দ্বিতীয় অধিবেশন | ১০:৩৫-১১:৩৫ | (ক) সিটি করর্পোরেশন, পৌরসভা সংক্রান্ত আইন সংক্রান্ত;<br>(খ) জেলা পরিষদের গঠন ও কার্যাবলি (সংক্ষিপ্ত);<br>(গ) উপজেলা পরিষদের গঠন ও কার্যাবলি এবং সংশ্লিষ্ট আইন;<br>(ঘ) ইউনিয়ন পরিষদের গঠন ও কার্যাবলি; এবং<br>(ঙ) স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের সঙ্গে মাঠ প্রশাসনের সম্পর্ক। |
| তৃতীয় অধিবেশন | ১১:৪০-১২:৩৯ | (ক) Public Procurement Act, 2006 এবং Public Procurement Rules, 2008; এবং<br>(খ) আর্থিক ক্ষমতার্পণ ও সরকারি সম্পদ ব্যবহারের রীতি-নীতি। |
| ১২:৪০-১৩:৫৯ | | মধ্যাহ্ন বিরতি |
| চতুর্থ অধিবেশন | ১৪:০০-১৫:৩০ | রিক্যাপ (সংক্ষিপ্তবৃত্তি) এবং মুক্ত আলোচনা। |
| পঞ্চম অধিবেশন | ১৫:৩৫-১৭:০০ | সমাপনী অনুষ্ঠান |

[**বিশেষ দ্রষ্টব্য:** চট্টগ্রাম বিভাগের Orientation training-এ পার্বত্য চট্টগ্রামের জন্য প্রযোজ্য আইন এবং বিধি বিষয়ে একটি পৃথক অধিবেশনের আয়োজন করতে হবে]